



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বঙ্গবন্ধু কলেজ  
পল্লবী, ঢাকা।




টেলিফোন: 58052522, ঢা:শি:বো:কো: ১০২০, জা: বি: কো: ৬৪৮৫, EIIN: 108211  
Website: www.govtbangabandhucollegedhaka.edu.bd E-mail: bangabandhucollegedhaka@gmail.com  
তারিখ: ১২/০২/২০২৫ খ্রি.

## নোটিশ

এতদ্বারা সরকারি বঙ্গবন্ধু কলেজ, পল্লবী, ঢাকা-এর ২০২৪-২৫ শিক্ষাবর্ষের এইচএসসি ভর্তিকৃত/অধ্যয়নরত ১ম বর্ষের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের উপবৃত্তির আবেদন শুরু হয়েছে। আবেদন ফরম প্রশাসনিক ভবনের ২০২ নম্বর কক্ষ (কম্পিউটার কক্ষ) থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। ১২/০২/২০২৫ তারিখ বুধবার থেকে ২০/০২/২০২৫ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে আবেদন ফরম গ্রহণ ও জমা দিতে পারবে। এর পরে আবেদনপত্র জমা নেয়া হবে না।

### প্রয়োজনীয় কাগজপত্র ও শর্তসমূহ:

১. আবেদন পত্রের সাথে এসএসসি এর মার্কশিটের ফটোকপি জমা দিতে হবে।
২. শিক্ষার্থীর জন্মনিবন্ধনের অনলাইন কপি জমা দিতে হবে।
৩. বাবা-মা এর ভোটার আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।
৪. বাবা-মা বা অভিভাবক যার নামে 'নগদ' হিসাব খোলা আছে তার ভোটার আইডির ফটো কপি জমাদিতে হবে।
৫. শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি ছবি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে আইকা গাম দিয়ে লাগিয়ে দিতে হবে।
৬. একজন শিক্ষার্থী একটির অধিক আবেদন করতে পারবে না।
৭. আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে পূরণ করে জমা দিতে হবে। আবেদনপত্রে কোন মিথ্যা বা ভুল তথ্য প্রদান করা যাবে না। মিথ্যা/ভুল তথ্য প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে।
৮. অবশ্যই মোবাইল ব্যাংকিং 'নগদ' হিসাব থাকতে হবে। 'নগদ' হিসাব ছাড়া অন্য কোন ব্যাংকিং হিসাব বা ব্যাংক হিসাব দিলে আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।
৯. যারা সাধারণ বৃত্তি পেয়েছে তারা আবেদন করতে পারবে না।
১০. একই মোবাইল ব্যাংকিং 'নগদ' হিসাব দ্বারা এক জনের বেশি আবেদন করতে পারবে না। পূর্বে মোবাইল ব্যাংকিং 'নগদ' হিসাব দ্বারা কোন বৃত্তির আবেদন করা থাকলে ঐ মোবাইল ব্যাংকিং 'নগদ' হিসাব দ্বারা আবেদন করা যাবে না।
১১. সমন্বিত উপবৃত্তি আবেদনপত্র প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃপক্ষ যাছাই-বাছাই করে থাকে। উপবৃত্তি পাওয়া বা না পাওয়ার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ি নয়।
১২. যে সকল শিক্ষার্থী সাধারণ বৃত্তি পেয়েছে, তারা তাদের প্রয়োজনীয় কাগজপত্র উল্লিখিত তারিখের মধ্যে প্রশাসনিক ভবনের ২০১ নং কক্ষে জনাব মোঃ ওসমান গনী সরকার-এর নিকট জমা দিতে হবে।

  
১২/০২/২০২৫  
(প্রফেসর ড. রাহিলা হাশেম)  
পরিচিতি নং-৮৪১৫  
অধ্যক্ষ  
সরকারি বঙ্গবন্ধু কলেজ, ঢাকা।